

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫২০(শৃঙ্খলা)/(১৮-১৯)/ ২০১৯-২০২০/

তারিখঃ ২৫.০২.২০২০ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব সেখ আবুল খায়ের মোস্তফা, সহকারী মহাব্যবস্থাপক (পিআরএল ভোগরত), বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা, ইতঃপূর্বে বাগেরহাট মুখ্য অঞ্চলাধীন বিকেবি, রামপাল শাখায় ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ), (ঘ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও প্রতারনামূলক অপরাধের জন্য ৩৬/১৮-১৯ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ৩০.০৪.২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫২০(শৃঙ্খলা)/২০১৮-২০১৯/ ৩৩১০ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব সেখ আবুল খায়ের মোস্তফা আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করা হইবে না-এই মর্মে অত্র বিভাগের ০৮.১২.২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫২০(শৃঙ্খলা)/(১৮-১৯)/ ২০১৯-২০২০/১৫৬৮ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও প্রতারনামূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব সেখ আবুল খায়ের মোস্তফা (পি.আর.এল.ভোগরত) আপনাকে গুরু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে ১৪,৪৫,০০০/- (চৌদ্দ লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকা আপনি জনাব সেখ আবুল খায়ের মোস্তফা (পি.আর.এল.ভোগরত) আপনার প্রাপ্য অবসরান্তর সুবিধাদি হইতে এককালীন কর্তন করিয়া বিকেবি, রামপাল শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব সেখ আবুল খায়ের মোস্তফা (এ-৩২৯৭)  
সহকারী মহাব্যবস্থাপক (পি.আর.এল.ভোগরত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়  
খুলনা।

স্বাক্ষরিত  
(মোঃ আবু ছাদেক মিয়া)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫২০(শৃঙ্খলা)/(১৮-১৯)/ ২০১৯-২০২০/

তারিখঃ ২৫.০২.২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব সেখ আবুল খায়ের মোস্তফা এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২ (পেনশন) / কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরিউক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, পরিধারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, বাগেরহাট।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, রামপাল শাখা, বাগেরহাট।
- ১২। নথি/ মহানথি / মূলনথি।

স্বাক্ষরিত  
(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক